গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি অধিশাখা
www.sid.gov.bd

ওয়েবসাইট যুগোপযোগীকরণ ও নিয়মিত হালনাগাদকরণের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তাগণের সমন্বয় গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	সালমা পারভীন যুগ্মসচিব (আইসিটি) ও সভাপতি, ওয়েবসাইট যুগোপযোগীকরণ ও নিয়মিত হালনাগাদকরণ কমিটি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার তারিখ ও সময়	:	২২-০৯-২০২৬ খিঃ, বেলা ০২:০০ ঘটিকা
স্থান	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি)
উপস্থিত	:	কপি সংযুক্ত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সদস্য সচিব ও সিস্টেম এনালিস্ট-কে ওয়েবসাইট হালনাগাদের অগ্রগতি উপস্থাপন করার জন্য আহবান জানান।

২। সদস্য সচিব বলেন, প্রস্তুতকৃত চেকলিস্ট অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়। এ পর্যায়ে এ বিভাগের প্রোগ্রামার মুঃ ওয়াহিদ মুরাদ কে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইট হালনাগাদের অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানানো হয়।

৩। এ বিভাগের প্রোগ্রামার বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইটের প্রত্যেকটি পেইজ ও মেনু ও সেবা বক্স পর্যায়ক্রমে উপস্থাপন করেন। উপস্থিত সকলেই বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইটের তথ্য পর্যবেক্ষণ করেন এবং সৃজনশীল মতামত প্রদান করেন।

৪। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইট যুগোপযোগীকরণ ও হালনাগাদ অব্যাহত রাখতে হবে;

(খ) বিবিএস এর মাঠ পর্যায়ের অফিসসমূহের ওয়েবসাইট মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত "সরকারি দপ্তরের ওয়েবসাইট নির্দেশিকা, ২০২৬" অনুযায়ী হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিবিএস এর কম্পিউটার উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;

(গ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সকল কর্মকর্তার প্রোফাইলে নাম, পদবী, ছবি, অফিশিয়াল ই-মেইল, টেলিফোন, মোবাইল নম্বর যথাযথভাবে হালনাগাদ করতে হবে;

(ঘ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইটে মাইক্রোডাটা এনালাইসিস ল্যাব সেবা বক্স আপডেট করতে হবে;

(ঙ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইটে মহাপরিচালক মহোদয়ের বিস্তারিত প্রোফাইল আপডেট করতে হবে;

(চ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইটে GPMS এর তথ্য, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ন্যায় অনুসরণ করতে হবে;

CamScanner

(ছ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইটের রাজস্ব বাজেট ও উন্নয়ন বাজেট মেনুতে তথ্য আপডেট রাখতে হবে;

(জ) বিবিএস এর ওয়েবসাইটে কেবিনেট প্রদত্ত সর্বশেষ সেবা সহজিকরণ বিষয়ক ম্যানুয়াল যুক্ত করতে হবে;

(ঝ) বিবিএস এর GRS বিষয়ক সেবাবক্সে অনিক ও আপিল কর্মকর্তার তথ্য সংযোগ করতে হবে;

(ঞ) "বিবিএস সম্পর্কে" মেনু থেকে "প্রশিক্ষণ ল্যাব" মেনু ল্যাব সংশ্লিষ্ট যথাযথ স্থানে স্থানান্তর করতে হবে এবং "উপাত্ত প্রকাশ নীতিমালা ২০২৬" মেনুটি "আইন, বিধি ও নীতিমালা" সেবা বক্সে যুক্ত করতে হবে;

(ট) বিবিএস এর মাঠ পর্যায়ের অফিস সমূহের ওয়েবসাইট যথাযথ মনিটরিং ও হালনাগাদ রাখতে হবে;

(ঠ) বিবিএস ওয়েবসাইট হালনাগদ সংশ্লিষ্ট সিদ্ধান্ত সমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সালমা পারভীন
যুগ্মসচিব (আইসিটি) এবং সভাপতি, ওয়েবসাইট যুগোপযোগীকরণ ও নিয়মিত হালনাগাদকরণ কমিটি
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং:-৫২.০০.০০০০.০০০.০২৫.৩১.০০০১.১৮- ৯৭

তারিখ:- ০৮ আশ্বিন ১৪৩৩
২৩ সেপ্টেম্বর ২০২৬

সদয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৩। মোসাম্মৎ সাঈদা বেগম, সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৪। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
২। যুগ্মসচিব (প্রশাসন-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।

মোহাম্মদ রফিকুল ইসলাম
সিস্টেম এনালিস্ট এবং ওয়েবসাইট যুগোপযোগীকরণ ও নিয়মিত হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

CamScanner